

বার্ষিক প্রতিবেদন ২০২০ - ২০২১

জনসংযোগ উপরিভাগ


বাংলা একাডেমির ভাবমূর্তি সমুন্নতকরণ ও একাডেমি গৃহীত কার্যক্রমের সার্বিক প্রচারের লক্ষ্যে জনসংযোগ উপরিভাগ একাডেমির বিভিন্ন সংবাদ ও প্রাসঙ্গিক তথ্যাবলি জনগণকে নিয়মিতভাবে অবহিতকরণসহ একাডেমির বিভিন্ন কার্যক্রমের সংবাদ সকল গণমাধ্যমে সংবাদ বিজ্ঞপ্তি আকারে প্রেরণের ব্যবস্থা করেছে। একাডেমির আয়োজিত অমর একুশে বইমেলার সার্বিক প্রচার-কার্যক্রম এই উপরিভাগ সাফল্যের সাথে বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলার প্রাক্কালে এই উপরিভাগ সংবাদ সম্মেলনের মাধ্যমে মেলার পরিচালনা করে আসছে। অমর একুশে গ্রন্থমেলার প্রাক্কালে এই উপরিভাগ সংবাদ সম্মেলনের মাধ্যমে মেলার বিস্তারিত বিষয়বিষয়ে নিয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের আয়োজন করেছে। এছাড়া দেশের বিভিন্ন বিস্তারিত বিষয়বিষয়ে নিয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের আয়োজন করেছে। এছাড়া দেশের বিভিন্ন সাহিত্য-সাংস্কৃতিক ও সামাজিক প্রতিষ্ঠানকে বাংলা একাডেমির গ্রন্থের পরিচিতিমূলক বিজ্ঞাপন প্রদান করে সাংস্কৃতিক কর্মকাণ্ডে সহায়তা করে আসছে।

জনসংযোগ উপরিভাগ কর্তৃক বাংলা একাডেমির সংবাদ সংবলিত ‘বাংলা একাডেমি বার্তা’ প্রকাশ চলমান রয়েছে।

বৈশ্বিক মহামারি করোনার বৈরী বাস্তবতাতে জনসংযোগ উপরিভাগ বাংলা একাডেমি আয়োজিত অনলাইন অনুষ্ঠানমালা এবং সার্বিক কার্যক্রমের বিবরণ সংবাদ মাধ্যম ও জনসাধারণের কাছে পৌঁছে দিতে সচেষ্ট ছিল।



কর্মকর্তা
জনসংযোগ উপরিভাগ
বাংলা একাডেমি ঢাকা



2৩/১/2021
সমীক্ষক কুমার সরকার
পরিচালক (সভাপতি নামিত)
অধ্যক্ষ, জ্ঞানবৃত্তি ও প্রসঙ্গ পঞ্জীয়ন
বাংলা একাডেমি, ঢাকা